

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০. ১৮৫.২০১৮- ২০২৭

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪২৫
৬ জুন ২০১৮

বিষয়ঃ রীট পিটিশন নং- ৬১৩৬/২০১৮ [পিটিশনার চেয়ারম্যান, নীলফামারী জেলা পরিষদ ও অন্যান্যসহ ৩ (তিন) জন - বনাম - সরকার ও অন্যান্য] এর আরজীর আলোকে দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ হাইকোর্ট বিভাগের ৮.৫.২০১৮ তারিখের প্রেরিত রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলা পরিষদের মালিকানাধীন নীলফামারী পৌর মার্কেট ও খয়রাত হোসেন মার্কেটের জমিসহ রাস্তা সংলগ্ন গাছপালা পৌরসভার অনুকূলে হস্তান্তরের নির্দেশ রহিতকরণ চেয়ে পিটিশনার কর্তৃক স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ৬ (ছয়) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করেছেন। হাইকোর্ট বিভাগ শুনানী অস্ত্রে তর্কিত আদেশ কেন বে-আইনী ঘোষণা করা হবে না রুল সে মর্মে ইস্যু পূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত আদেশটি আদেশের তারিখ থেকে ৩ (তিন) মাসের status quo এর আদেশ দিয়েছেন। রীটের ৪নং প্রতিপক্ষ হলেন মেয়র, নীলফামারী পৌরসভা। বিজ্ঞ আদালতের রুল এবং রীটের আরজির আলোকে সরকার পক্ষে রিটে প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে দফাওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত করে ২ (দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ রুলের কপি।



(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব

ফোনঃ+৮৮০(২) ৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

উপসচিব

জেলা পরিষদ অধিশাখা

স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপিঃ

১. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
২. জেলা প্রশাসক, নীলফামারী।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. মেয়র, নীলফামারী পৌরসভা, নীলফামারী।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি/ মাস্টার কপি।